



THE COLLABORATE STUDY Parent Information Leaflet Part 1 – Bengali Translation

COLLABORATE স্টাডি

অভিভাবক তথ্য লিফলেট পর্ব ১

২৯ সপ্তাহের কম গর্ভকালীন বয়সে জন্ম নেওয়া অকালজাত শিশুদের গুরুতর স্বাস্থ্য সমস্যা কমাতে
শিশুদুগ্ধের প্রকারভেদের প্রভাব মূল্যায়নের যুক্তরাজ্যের একটি গবেষণা

COLLABORATE স্টাডি

আমরা আপনার শিশুকে COLLABORATE-তে অংশগ্রহণের জন্য আমন্ত্রণ জানাচ্ছি, যা যুক্তরাজ্য জুড়ে পরিচালিত একটি গবেষণা, যা ২৯ সপ্তাহের কম গর্ভকালীন বয়সে অকালজাত শিশুদের পরিচর্যা উন্নতির জন্য করা হচ্ছে। অনুগ্রহ করে এই লিফলেটটি মনোযোগ সহকারে পড়ার জন্য সময় নিন এবং সিদ্ধান্ত নিন যে আপনি আপনার শিশুকে এতে অংশগ্রহণ করতে চান কিনা। অন্যদের সাথে তথ্য নিয়ে আলোচনা করতে দ্বিধা করবেন না এবং যদি কিছু স্পষ্ট না হয় তবে আমাদের জিজ্ঞাসা করুন।

আমরা কী জানার চেষ্টা করছি

আমরা ২৯ সপ্তাহের কম বয়সী শিশুদের খাওয়ানোর সর্বোত্তম উপায় খুঁজে বের করতে চাই। শিশুর নিজের মায়ের দুধই সকল শিশুর জন্য সর্বোত্তম খাবার কারণ পুষ্টির পাশাপাশি, এতে এমন উপাদান থাকে যা সংক্রমণ থেকে রক্ষা করে এবং মস্তিষ্কের স্বাভাবিক বিকাশে সহায়তা করে। তবে, যেহেতু ২৯ সপ্তাহের কম বয়সী শিশুরা সরাসরি স্তন্যপান করতে অক্ষম, তাই তাদের মায়ের দুধ বের করতে উৎসাহিত করা হয়। পর্যাপ্ত পরিমাণে দুধ বের করা কঠিন হতে পারে, তাই, একজন মা পর্যাপ্ত পরিমাণে দুধ বের করতে নাও পারেন, যদিও প্রায়শই এটি শুধুমাত্র অল্প সময়ের জন্য হয়। এই ধরনের কোনো ঘাটতি পূরণের জন্য দুটি বিকল্প রয়েছে যা উভয়ই যুক্তরাজ্য এবং বিশ্বজুড়ে ব্যবহৃত হয়। এগুলি হল:

- অকাল শিশুদের জন্য বিশেষভাবে তৈরি ফর্মুলা
- অন্য মায়ের দান করা বুকের দুধ, নিরাপত্তার জন্য উত্তাপিত (পাস্তুরিত)

এক্ষেত্রে দুটি প্রশ্নের উত্তর প্রয়োজন:

1. যদি শিশুর নিজের মায়ের দুধ পর্যাপ্ত না থাকে, তাহলে আমাদের কি প্রিটার্ম ফর্মুলা ব্যবহার করা উচিত নাকি পাস্তুরিত দাতা দুধ ব্যবহার করা উচিত?
2. বুকের দুধে কি অতিরিক্ত প্রোটিন এবং কার্বোহাইড্রেট যোগ করা প্রয়োজন?

এই নবজাতক ইউনিট [প্রশ্ন ১/প্রশ্ন ২/উভয় প্রশ্নের] উত্তর খুঁজে পাওয়ার চেষ্টা করছে।

বর্তমানে কী ঘটছে?

কিছু নবজাতক ইউনিটে প্রিটার্ম ফর্মুলা ব্যবহার করা হয় এবং কিছু ইউনিটে পর্যাপ্ত মায়ের দুধ না থাকলে পাস্তুরিত দাতা দুধ ব্যবহার করা হয়। কিছু নবজাতক ইউনিট নিয়মিতভাবে বুকের দুধে অতিরিক্ত প্রোটিন এবং কার্বোহাইড্রেট যোগ করে, আবার কিছু ইউনিটে তা করা হয় না।

কেন এই গবেষণার প্রয়োজন?

এই গবেষণাটি প্রয়োজন কারণ আমরা জানি না যে যদি টপ-আপের প্রয়োজন হয় তাহলে প্রিটার্ম ফর্মুলা না পাস্তুরিত ডোনার মিল্ক বেশী ভালো, , অথবা অতিরিক্ত প্রোটিন এবং কার্বোহাইড্রেট সবসময় বুকের দুধে যোগ করা উচিত কি না। এই অনিশ্চয়তার কারণেই বাস্তবে এত তারতম্য দেখা যায়।

প্রিটার্ম ফর্মুলা এবং পাস্তুরিত দাতা দুধ সম্পর্কে কিছু তথ্য

প্রিটার্ম ফর্মুলা:

- আন্তর্জাতিক মানের কঠোর নিরাপত্তা নিয়ম মেনে গরুর দুধ থেকে তৈরি
- ভিটামিন এবং প্রয়োজনীয় খনিজ পদার্থ সরবরাহ করে
- শিশুর নিজের মায়ের দুধে থাকা প্রতিরক্ষামূলক উপাদানের অভাব রয়েছে।
- ধারাবাহিক পুষ্টি প্রদান করে
- কিছু ডাক্তার মনে করেন যে যেহেতু প্রিটার্ম ফর্মুলা গরুর দুধ থেকে তৈরি করা হয়, তাই এটি নেক্রোটাইজিং এন্টারোকোলাইটিস (NEC) নামক অস্ত্রের রোগের ঝুঁকি বাড়িয়ে দিতে পারে যা কখনও কখনও গুরুতর হতে পারে।

পাস্তুরিত দাতা দুধ:

- স্বাস্থ্য এবং জীবনযাত্রার জন্য পরীক্ষা করা মায়েদের দ্বারা একটি মিল্ক ব্যাংকে দান করা হয় এবং সুরক্ষার জন্য উত্তাপিত (পাস্তুরিত) করা হয়।
- ভিটামিন এবং খনিজ পদার্থের সংযোজন প্রয়োজন
- উত্তপ্ত করার সময় প্রতিরক্ষামূলক উপাদান হারায়
- পুষ্টির তারতম্য থাকায় কিছু নবজাতক ইউনিট গরুর দুধ থেকে তৈরি পাউডার হিসাবে অতিরিক্ত প্রোটিন এবং কার্বোহাইড্রেট যোগ করে।
- যেহেতু প্রোটিন এবং কার্বোহাইড্রেট পাউডার গরুর দুধ থেকে তৈরি, কিছু ডাক্তার বিশ্বাস করেন যে এটি NEC এর ঝুঁকি বাড়িয়ে তুলতে পারে।
- অন্যান্য ডাক্তারের আশঙ্কা যে অতিরিক্ত প্রোটিন এবং কার্বোহাইড্রেট যোগ করলে অতিরিক্ত পুষ্টি পাওয়া যেতে পারে যা স্বাস্থ্য এবং বিকাশের উপর ক্ষতিকারক প্রভাব পড়তে পারে।

আমরা উত্তরগুলো কিভাবে খুঁজে পাব?

বর্তমানে, শিশুরা তাদের নবজাতক ইউনিট যা সবচেয়ে ভালো বলে মনে করে তা পায়; যদি শিশুর নিজের মায়ের কাছ থেকে পর্যাপ্ত দুধ না পাওয়া যায় তবে কেউ কেউ প্রিটার্ম ফর্মুলা দুধ পায়, এবং কেউ কেউ টপ-আপ হিসাবে পাস্তুরিত ডোনার দুধ পায়।

আজ যুক্তরাজ্যে, নিজনিজ নবজাতক ইউনিটে থাকার সময়, প্রায় এক-তৃতীয়াংশ অকালজাত শিশু কোনোপ্রকার পাস্তুরিত দাতা দুধ পান করে এবং প্রায় দুই-তৃতীয়াংশ তাদের নিজের মায়ের দুধের পাশাপাশি কোনোরকম প্রিটার্ম ফর্মুলা পান করে। যেহেতু দুই প্রকারের দুধের মধ্যে কোনটি শ্রেয় তা অজানা তাই একটি কম্পিউটার প্রোগ্রামের দ্বারা নির্ধারিত করা

হবে যে কোন শিশু কি প্রকার দুধ পান করবে। প্রত্যেক শিশুর উভয় বিকল্প গ্রহণের সম্ভাবনা সমান। একে র‍্যান্ডমাইজেশন বলা হয়।

এই গুরুত্বপূর্ণ প্রশ্নের নির্ভরযোগ্য উত্তর পেতে আমাদের COLLABORATE গবেষণায় অংশগ্রহণের জন্য প্রায় 3000 শিশুর প্রয়োজন হবে। সামগ্রিকভাবে, অংশগ্রহণকারী শিশুদের অর্ধেকেরই প্রিটার্ম ফর্মুলা দুধ থাকবে এবং বাকি অর্ধেকের কাছে পাস্তুরিত দাতা দুধ থাকবে যদি তাদের নিজের মায়ের কাছ থেকে পর্যাপ্ত দুধ না থাকে। এই গবেষণাটি প্রায় আড়াই বছর সময় নেবে এবং এই দীর্ঘস্থায়ী অনিশ্চয়তার অবসান ঘটাবে।

আমার বাচ্চা কি অংশগ্রহণ করে উপকৃত হবে?

প্রতিটি শিশু কোন বিকল্পটি গ্রহণ করবে তা র‍্যান্ডমাইজেশনের মাধ্যমে ন্যায্যভাবে ও সাম্যের সাথে নির্ধারণ করা হবে। এই গবেষণায় ব্যবহৃত সমস্ত খাওয়ানোর বিকল্প ইতিমধ্যেই যুক্তরাজ্যের হাসপাতালগুলিতে ব্যবহৃত হচ্ছে।

যদি আপনার শিশু অংশগ্রহণ করে, তাহলে তারা সরাসরি উপকৃত নাও হতে পারে কিন্তু ভবিষ্যতে অকালজাত শিশুদের পরিচর্যা মান উন্নত করতে সাহায্য করবে। তবে, COLLABORATE-এর মতো র‍্যান্ডমাইসড গবেষণায় অংশগ্রহণকারীদের প্রায়শই অংশগ্রহণ না করা সমতুল্য রোগীদের তুলনায় ভালো ফলাফল পাওয়া যায়; একে "অন্তর্ভুক্তির সুবিধা" বলা হয়।

আপনার শিশু অংশগ্রহণ করুক কিনা তা নির্ধারণ করা

আপনার শিশুকে অংশগ্রহণ করাতে চান কিনা তা সিদ্ধান্ত নেওয়ার সম্পূর্ণ স্বাধীনতা আপনার আছে। আপনি সিদ্ধান্ত নিতে পারেন যে এটি শুধুমাত্র COLLABORATE-এর প্রথম অংশে (টপ-আপ প্রয়োজন হলে প্রিটার্ম ফর্মুলা নাকি পাস্তুরিত দাতা দুধ), শুধুমাত্র দ্বিতীয় অংশে (মায়ের দুধে নিয়মিত অতিরিক্ত প্রোটিন এবং কার্বোহাইড্রেট যোগ করা), নাকি উভয় অংশেই যোগদান করবেন। আপনি যদি চান যে আপনার শিশু এই গবেষণায় অংশগ্রহণ করুক, তাহলে অনুগ্রহ করে এই তথ্যপত্রের দ্বিতীয় অংশটিও পড়ুন।

যদি আপনি অংশগ্রহণ না করার সিদ্ধান্ত নেন, তাহলে আপনার শিশুর যত্ন অন্য সকল ক্ষেত্রে একই থাকবে, প্রয়োজনে সম্পূর্ণ খাবারের পছন্দ, এবং বুকের দুধে অতিরিক্ত প্রোটিন এবং কার্বোহাইড্রেট যোগ করা হবে কিনা তা নির্দিষ্টভাবে নবজাতক ইউনিট দ্বারা সুপারিশ করা হবে।

আমার বাচ্চা যদি অংশগ্রহণ করে তাহলে কী হবে?

নবজাতক ইউনিটে: যদি আপনি সিদ্ধান্ত নেন যে আপনার শিশু যেকোনো একটি অথবা উভয় অংশেই অংশগ্রহণ করুক, তাহলে আপনাকে মৌখিকভাবে সম্মতি দিতে বলা হবে এবং এটি আপনার শিশুর মেডিকেল নোট এবং অধ্যয়নের রেকর্ডে লিপিবদ্ধ করা হবে। আপনার শিশুর ইনকিউবেটর বা খাটের সাথে একটি কার্ড সংযুক্ত করা হবে যাতে সকলকে মনে করিয়ে দেওয়া যায় যে তারা COLLABORATE-তে অংশগ্রহণ করেছে। অন্যান্য সকল ক্ষেত্রে, আপনার শিশু স্বাভাবিকভাবেই তাদের প্রয়োজনীয় সমস্ত যত্ন পাবে।

COLLABORATE-এর জন্য প্রয়োজনীয় বেশিরভাগ তথ্য আমরা আপনার শিশুর রুটিন রেকর্ড থেকে সংগ্রহ করব যা ন্যাশনাল নিউওনেটাল রিসার্চ ডাটাবেসে সংরক্ষিত আছে। আপনার শিশুকে যখন নবজাতক ইউনিটে ভর্তি করা হয়েছিল তখন আপনি এই বিষয়ে একটি তথ্যপত্র পেয়ে থাকবেন। আমরা কিছু রুটিন রক্ত পরীক্ষার ফলাফলও রেকর্ড করব। COLLABORATE-তে আপনার শিশুর অংশগ্রহণ তাদের ডিসচার্জ সামারিতে উল্লেখ করা হবে যা আপনার জেনারেল প্র্যাকটিশনারকে পাঠানো হবে।

ডিসচার্জের পর: যখন আপনার শিশু প্রায় ২ বছর বয়সী হবে, তখন আপনাকে নিয়মিত যত্নের অংশ হিসেবে একটি প্রশ্নপত্র পাঠানো হবে যা তাদের বিকাশ সম্পর্কে তথ্য প্রদান করবে। প্রশ্নপত্রটি মোবাইল ফোন, ট্যাবলেট বা ল্যাপটপে পূরণ করা যেতে পারে। আপনি যদি চান, তাহলে আপনার হাসপাতাল আপনাকে প্রশ্নপত্রটি পূরণ করতে সাহায্য করবে।

এই ভিডিওগুলি দেখাও আপনার জন্য সহায়ক হতে পারে

COLLABORATE স্টাডি

জাতীয় নবজাতক গবেষণা ডাটাবেস

ব্র্যান্ডমাইজেশন বলতে কী বোঝায়



আপনার যদি কোনও প্রশ্ন থাকে, তাহলে অনুগ্রহ করে নবজাতক ইউনিটের কর্মীদের সাথে কথা বলুন।
এই লিফলেটটি পড়ার জন্য আপনাকে ধন্যবাদ।

Local Contacts

Principal Investigator

<Name and contact details>

Lead research nurse:

<Name and contact details>

<Insert PALS Name>: <Insert contact details>

Website: <https://www.imperial.ac.uk/neonatal-data-analysis-unit/collaborate/>